

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪২৭

কৈলাসহর, ৯ জানুয়ারি, ২০২৫

**প্রজাতন্ত্র দিবস : কৈলাসহরে প্রস্তুতি সভা**

উনকোটি জেলাভিত্তিক প্রজাতন্ত্র দিবস, ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস ও নেতাজী জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে গতকাল উনকোটি জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয় আগামী ২১ জানুয়ারি কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে এক বর্ণাঢ্য র্যালি আর কে আই মাঠ থেকে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে উনকোটি কলাক্ষেত্রে সমাপ্ত হবে। ২২ জানুয়ারি জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা উনকোটি কলাক্ষেত্রে উদযাপন করা হবে। ২৩ জানুয়ারি নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠান শুরু হবে প্রভাতফেরির মধ্যদিয়ে। সকাল ৮টা ৩০ মিনিটে কৈলাসহরের নেতাজী কর্ণারে উদযাপন করা হবে নেতাজী জন্মজয়ন্তী। ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে রামকৃষ্ণ মহাবিদ্যালয় স্টেডিয়ামে। ঐদিন ভোর ৫টায় প্রভাতফেরির মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হবে। আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের পর অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

এরপর কারা আবাসিক, জেলা ও আর জি এম হাসপাতালের রোগী, মূক ও বধির বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। এছাড়া উনকোটি কলাক্ষেত্রে স্বেচ্ছায় রক্তদান শিবির, সন্ধ্যায় কলাক্ষেত্রে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। গতকালকের এই সভায় সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। তাছাড়া সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*